

## ইবির অধীনে কামিল পরীক্ষা স্থগিত

ইবি রিপোর্টার: ইসলামী বিশ্ববিদ্যালয়ের (ইবি) অধীনে অনুষ্ঠিত হতে যাওয়া কামিল (স্নাতকোত্তর) পরীক্ষা স্থগিত করা হয়েছে। আগামী ৩ ফেব্রুয়ারী থেকে কামিল পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার কথা থাকলেও তা ১৭ ফেব্রুয়ারী পর্যন্ত স্থগিত করা হয়েছে বলে জানা গেছে।

বিশ্ববিদ্যালয়ের প্রধান পরীক্ষা নিয়ন্ত্রক মোহাম্মদ আলী বলেন, টানা অবরোধের কারণে পরীক্ষার যাবতীয় উপকরণ সারাদেশের কেন্দ্রগুলোতে পৌঁছাতে পারেনি। তাই আগামী ১৭ ফেব্রুয়ারী পর্যন্ত সকল পরীক্ষা স্থগিত করা হয়েছে। এর পরবর্তী পরীক্ষাগুলো যথাসময়ে অনুষ্ঠিত হবে। স্থগিত হওয়া পরীক্ষার সময়সূচি পরবর্তীতে ঘোষণা করা হবে।